

ক) স্বল্প সঞ্চয় বীমা

বাংলাদেশের নিম্ন আয়ের বিশাল জনগোষ্ঠী অর্থনীতির প্রাণ ও চালিকা শক্তি। তাদের ভাগ্য পরিবর্তন ছাড়া দেশের উন্নয়ন বা অর্থনৈতিক মুক্তি সম্ভব নয়। নিম্ন আয়ের এ বৃহত্তর জনগোষ্ঠীর জন্য ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানী জনবীমার স্বল্প সঞ্চয় বীমা পরিকল্প প্রবর্তন করে। স্বল্প সঞ্চয় বীমা পরিকল্পে বিনিয়োগের মাধ্যমে নিম্ন আয়ের জনগণ পুঁজি গঠন ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সক্ষম। এ সঞ্চিত অর্থ জাতীয় অর্থনীতিতে বলিষ্ঠ ভূমিকা রাখতে পারবে।

এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ বীমার প্রবেশকালীন বয়স সীমা : ১৮ থেকে ৪৫ বছর
- ❖ সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স : ৫৫ বছর
- ❖ সর্বনিম্ন বীমা অংক : ৬ হাজার টাকা
- ❖ সর্বোচ্চ বীমা অংক : ৫০ হাজার টাকা
- ❖ বীমার মেয়াদ : ১০ বছর
- ❖ প্রিমিয়াম প্রদানের পদ্ধতি : মাসিক
- ❖ সহযোগী বীমা : এ বীমার সাথে অতিরিক্ত বীমা (Supplementary) হিসেবে সহযোগী বীমা নেয়া যাবে না।

এই বীমার সুবিধাসমূহ :

- ১। বীমাবৃত ব্যক্তি মেয়াদ পূর্তি পর্যন্ত জীবিত থাকলে বীমা অংকের উপর অর্জিত বোনাসসহ পুরো বীমা অংক এককালীন পাবেন।
- ২। মেয়াদের মধ্যে যে কোন সময় বীমা গ্রাহক মৃত্যুবরণ করলে তার নমিনী মৃত্যুর দিন পর্যন্ত অর্জিত বোনাসসহ পুরো বীমা অংক পাবেন।
- ৩। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।

স্বল্প সঞ্চয় বীমার মাসিক প্রিমিয়াম তালিকা
পরিকল্পন নং ২০১
বীমার মেয়াদ ১০ বছর

বীমা অংক (টাকা)	প্রিমিয়াম (টাকা)	বীমা অংক (টাকা)	প্রিমিয়াম (টাকা)
৬০০০	৫০	২৯০০০	২৪০
১০০০০	৮৩	৩০০০০	২৪৮
১১০০০	৯১	৩২০০০	২৬৫
১২০০০	৯৯	৩৩০০০	২৭৩
১৩০০০	১০৮	৩৪০০০	২৮১
১৪০০০	১১৬	৩৫০০০	২৮৯
১৫০০০	১২৪	৩৬০০০	২৯৮
১৬০০০	১৩২	৩৭০০০	৩০৬
১৭০০০	১৪১	৩৮০০০	৩১৪
১৮০০০	১৪৯	৩৯০০০	৩২৩
২০০০০	১৬৫	৪০০০০	৩৩১
২১০০০	১৭৪	৪৫০০০	৩৭২
২২০০০	১৮২	৪৬০০০	৩৮০
২৫০০০	২০৭	৪৮০০০	৩৯৭
২৬০০০	২১৫	৪৯০০০	৪০৫
২৮০০০	২৩২	৫০০০০	৪১৪